

সোলার পাম্প পরিচালনা ও রক্ষণাবেক্ষণ বিষয়ে রংপুরে প্রশিক্ষণ কর্মশালা

পাঞ্জেরী

[নিজস্ব প্রতিনিধি](#)

অক্টোবর ৩, ২০২১ ২:৫৭ অপরাহ্ন



[ফ+ ফ- ফ](#)

Link Copied!

সোলার পাম্প পরিচালনা ও রক্ষণাবেক্ষণ বিষয়ে গত ৩০ সেপ্টেম্বর রংপুরে প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)র আওতাধীন রংপুর অঞ্চলে ভূউপরিষ্ক পানি সংরক্ষণের মাধ্যমে ক্ষুদ্রসেচ উন্নয়ন ও সেচ দক্ষতা বৃদ্ধিকরণ (এমআইডিআইইইপি) শীর্ষক প্রকল্পের উদ্যোগে রংপুরস্থ সেচ ভবনের সম্মেলন কক্ষে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

সোলার ল্যান্ড বাংলাদেশ লিমিটেডের ব্যাপস্থাপনায় প্রকল্পভুক্ত ১০টি ফীমের ২০ জন কৃষক, সংশ্লিষ্ট উপসহকারী প্রকৌশলী, সহকারী প্রকৌশলীদের উপস্থিতিতে দিনব্যাপী এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। সভা শেষে সিবিএ জেলা শাখার পক্ষ থেকে এমআইডিআইইইপি প্রকল্পের প্রকল্প পরিচালক তত্ত্বাবধায়ক প্রকৌশলী সঞ্চয় সরকারসহ সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীদের সম্মাননা স্মারক প্রদান করা হয়।

Share this:

- [Twitter](#)
- [Facebook](#)

Like this:

